# TOS Tos Bond (Private) Limited.

ডাইরী নং........................
তারিখঃ-..........................
দ্বিঃ সঃ (শুল্ক রপ্তানি ও বন্ড)
জাঃ রাঃ বোঃ, ঢাকা)

জাতীয় রাজস্ব বোর্ড
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)

বাংলাদেশ কোর্ট ফি
বিশ টাকা

তারিখ ঃ ১২ই মার্চ ২০২৬ খ্রি.

বরাবর
সদস্য (কাষ্টমস্ ঃ রপ্তানি ও বন্ড)
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, শের-এ-বাংলা নগর,
ঢাকা-১২০৭।

**বিষয় ঃ <u>২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা জাতীয় রাজস্ব বোর্ডের Website এ আপলোড করণ প্রসংগে</u>।**

সুত্র ঃ জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-০৮/২০২৬/কাষ্টমস্/৬০, তাং ০৮/০২/২০২৬ খ্রি.

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুত্রে বর্ণিত প্রজ্ঞাপন নং-০৮/২০২৬/কাষ্টমস্/৬০, তাং ০৮/০২/২০২৬খ্রি. অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড আমাদের প্রতিষ্ঠান "মেসার্স টস্ বন্ড (প্রাঃ) লিমিটেড" এর অনুকুলে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য ১৩,০০,০০০.০০ (তের লক্ষ) মার্কিন ডলার বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারন করেন। এরই প্রেক্ষিতে বিগত ০৫/০৩/২০২৬ খ্রি. তারিখে উক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেট আকারে প্রকাশিত হয়।

এমতাবস্থায়, সুত্রে বর্ণিত প্রজ্ঞাপন অনুযায়ী আমাদের প্রতিষ্ঠানের অনুকুলে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য নির্ধারিত ১৩,০০,০০০.০০ (তের লক্ষ) মার্কিন ডলার বার্ষিক আমদানি প্রাপ্যতা জাতীয় রাজস্ব বোর্ডের Website এ আপলোড করার জন্য আপনার নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি।

ডাইরী নং..........
তারিখঃ-..........
দ্বিঃ সঃ (শুল্ক রপ্তানি ও বন্ড)
জাঃ রাঃ বোঃ, ঢাকা)

ধন্যবাদান্তে
আপনার বিশ্বস্ত

মহাব্যবস্থাপক
মেসার্স টস্ বন্ড (প্রাঃ) লিমিটেড

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৫, ২০২৬

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৬৭—২৭৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৬৯—২৯২ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৯—৯৯ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮৫—২৯২ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খন্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ৩১-০৩-০৮ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ মাঘ ১৪৩২/ ০৫ ফেব্রুয়ারি ২০২৬

নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৬.২৪-১০—যেহেতু, জনাব মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ (১৭৩৯০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব, সাময়িক বরখাস্ত), জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রাক্তন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুক নিজ একাউন্ট 'Sadiqur Rahman Sabuz' হতে আপত্তিকর বক্তব্য প্রদান করেছেন, যা অনভিপ্রেত এবং কর্মকর্তা সুলভ নয়। সরকারি চাকরিতে কর্মরত অবস্থায় এ ধরনের বক্তব্য প্রদান "সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)" এর পরিপন্থি এবং "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর আওতায় বিবেচনাযোগ্য অপরাধ হওয়ায় তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিয়োগ শাখা হতে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয় এবং একই বিধিমালার বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নং ০৫/২০২৫) রুজু করা হয়। ১৭ মার্চ ২০২৫ তারিখে ৭৮ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা জানতে চাওয়া হয়; এবং

০২। যেহেতু, ০৬-০৪-২০২৫ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৪-০৫-২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং ব্যক্তিগত শুনানী গ্রহণপূর্বক অভিযোগের বিষয়ে অধিকতর তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, জনাব মোঃ হুমায়ুন কবির (বিপি নং-৬৭৯০০০০০৪৭), সহকারী পুলিশ সুপার, আরআরএফ, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জনাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর মতামত ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত "অদক্ষতা" ও "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩(খ) মোতাবেক "গুরুদণ্ড" হিসেবে চাকরি হইতে "বাধ্যতামূলক অবসর প্রদান" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নাসিমুল গনি**
সিনিয়র সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৫ মাঘ ১৪৩২বঙ্গাব্দ/০৮ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.

**নং-০৭/২০২৬/কাস্টমস/৫৯।**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লি. [বন্ড লাইসেন্স নং-১৪৭০/কাস-এসবিডব্লিউ/২০১৩, তারিখঃ ১৬-০১-২০১৩ খ্রি.] নামীয় শুল্কমুক্ত বিপণী (Duty Free Shop) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৫-২৬ অর্থ বছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | সিগারেট | ১৮,৮০২.২০ |
| ২ | লিকার | ৫১,৩১০.০০ |
| ৩ | পারফিউর | ১,২০৬.৭২ |
| | **মোট** | **৭১,৩১৮.৯৩ (একাত্তর হাজার তিনশত আঠারো দশমিক নয় তিন) মার্কিন ডলার** |

**নং-০৮/২০২৬/কাস্টমস/৬০।**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স টস্ বন্ড (প্রাঃ) লিমিটেড (বন্ড লাইসেন্স নং-০২/কাস-এসবিডব্লিউ/১৯৭৯, তারিখঃ ১৯-০১-১৯৭৯ খ্রি.) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২৬ অর্থবছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | মেসার্স টস্ বন্ড (প্রাঃ) লিমিটেড | ১৩,০০,০০০.০০ (তেরো লক্ষ) মার্কিন ডলার |

তারিখঃ ২৭ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং-০৯/২০২৬/কাস্টমস/৬৯।**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স ঢাকা ওয়্যার হাউজ লিমিটেড (বন্ড লাইসেন্স নং-৭কাস-এসবিডব্লিউ/৮১, তারিখঃ ১১-০৪-১৯৮১ খ্রি.) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৫-২৬ অর্থবছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | মেসার্স ঢাকা ওয়্যার হাউজ লিমিটেড | ৫,৫০,০০০.০০ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ : ১৯ মাঘ ১৪৩২/০২ ফেব্রুয়ারি, ২০২৬

নং ১০.০০.০০০০.১৩০.১১.০২৮.২৫.৭৭—The Notaries Ordinance, 1961 এর ৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব এস.এ.বি. বাকিউল হক, পিতা-এস. এ. বি. সিরাজুল হক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারি হিসেবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩(তিন) বৎসর মেয়াদের জন্য নোটারিরূপে নিয়োগ দান করা হইল:

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারিরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্তত তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন।

(খ) The Notaries Rules, 1964 এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারিরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসান মাহমুদুল ইসলাম**
যুগ্মসচিব (রেজিস্ট্রেশন)।